

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০০৭

১/ বিবিধ

আরবী

أيما امرأة نكحت على صداق أوحباء أوعدة قبل عصمة النكاح، فهو لها، وما كان بعد
عصمة النكاح، فهو لمن أعطيه، وأحق ما أكرم عليه الرجل ابنته أوأخته
ضعيف

أخرجه أبو داود (2129) والنسائي (2/88 – 89) وابن ماجه (1955) والبيهقي
(7/248) وأحمد (2/182) عن ابن جريج عن عمرو بن شعيب عن أبيه عن جده
مرفوعا

قلت: وهذا إسناد ضعيف؛ لأن ابن جريج مدلس وقد عنعنه
وقد تابعه مدلس آخر وهو الحجاج بن أرطاة فقال: عن عمرو بن شعيب به ولفظه
ما استحل به فرج المرأة من مهر أوعدة، فهو لها، وما أكرم به أبوها أوأخوها أووليها
بعد عقدة النكاح، فهو له، وأحق ما أكرم الرجل به ابنته أوأخته
أخرجه البيهقي

تنبيه: استدل بعضهم بهذا الحديث على أنه يجوز لولي المرأة أن يشترط لنفسه شيئاً
من المال! وهو لوصح كان دليلاً ظاهراً على أنه لو اشترط ذلك لم يكن المال له بل
للمرأة، قال الخطابي

هذا يتأول على ما يشترطه الولي لنفسه سوى المهر
وقد اعتاد كثير من الآباء مثل هذا الشرط، وأنا وإن كنت لا أستحضر الآن ما يدل على
تحريمه، ولكني أرى – والعلم عند الله تعالى – أنه لا يخلو من شيء، فقد صح أن

النبي صلى الله عليه وسلم قال: إنما بعثت لأتمم مكارم الأخلاق، ولا أظن مسلماً سليم الفطرة، لا يرى أن مثل هذا الشرط ينافي مكارم الأخلاق، كيف لا، وكثيراً ما يكون سبباً للمتاجرة بالمرأة إلى أن يحظى الأب أو الولي بالشرط الأوفر، والحظ الأكبر، وإلا أعضلها! وهذا لا يجوز لنهي القرآن عنه

বাংলা

১০০৭। যে মহিলাকে আকদের পূর্বে মোহর বা মোহর ছাড়া উপহার বা অন্য কিছু প্রদানের দ্বারা বিবাহ করানো হবে, তা তার জন্যই। আর আকদের পরে যা দেয়া হবে তা তার জন্যই যাকে দেয়া হবে। আর যা দ্বারা কোন ব্যক্তিকে সম্মানিত করা হবে তার বেশী হকদার হচ্ছে তার মেয়ে বা বোন।

হাদীসটি দুর্বল।

এটি আবু দাউদ (২১২৯), নাসা (২৮৮-৮৯, ৩৩৫৩), ইবনু মাজহ (১৯৫৫), বাইহাকী (৭/২৪৮) ও আহমাদ (২/১৮২) ইবনু জুরায়েজ হতে, তিনি আমর ইবনু শু'আয়ব হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। কারণ ইবনু জুরায়েজ মুদাল্লিস তিনি আনু আনু করে বর্ণনা করেছেন।

আর আরেক মুদাল্লিস বর্ণনাকারী তার মুতাবায়াত করেছেন। তিনি হচ্ছেন হাজ্জাজ ইবনু আরতাত। তবে এ মুতাবায়াতের ভাষা ভিন্ন। এটিকে বাইহাকী বর্ণনা করেছেন।

সতর্কবাণীঃ এ হাদীস দ্বারা কোন কোন ব্যক্তি মেয়ের অভিভাবক কর্তৃক শর্ত করে কিছু নেয়া জায়েয হওয়ার দলীল দিয়েছেন! অথচ হাদীসটি যদি সহীহ হতো তাহলে তা শর্ত করে কিছু নিলেও তা তার জন্য হতো না বরং মেয়ের জন্যই হতো হাদীসটি তারই প্রমাণ বহণ করছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71886>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন